

পারিবারিক(Family Reunion)ভিসার জন্যপ্রয়োজনীয় কাগজপত্রের তালিকা

- ‡ ইটালির পুলিশ অথরিটি **QUESTURA** থেকে যাদের জন্য আবেদন করেছেন তাদের নামের তালিকার অফিসিয়াল কপি (নু লাওস্তা) (**Nulla Osta**) প্রদান করতে হবে।
- ‡ ইটালীতে কর্মরত প্রবাসী বাংলাদেশীদের **Stay Permit copy** (সজিওরনো) এবং পাসপোর্ট এর ৪৮ পৃষ্ঠা ফটোকপি কমউনি থেকে সত্যায়িত করা (স্ট্যাম্প সিল সহ) থাকতে হবে।
- ‡ উপরে উল্লেখিত অফিসিয়াল কপি সমূহ সহ প্রত্যেক সদস্য ব্যক্তিগত ভাবে নিজে ভিসা ফরম ইংরেজি বড় হাতের অক্ষরে পূরণ করতে হবে।ভিসা আবেদনকারীকে নিম্নেউল্লেখিত ডকুমেন্টসহ নিজে ভিসার জন্য উপস্থিত থাকতে হবে।
- ১। ইংরেজিতে ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/ওয়ার্ড কমিশনার দারা ইস্যুকৃত।
ক) পরিবারের সদস্যদের নামের তালিকা (**Family Certificate**)
খ) জন্মতালিকার সার্টিফিকেটের মূল কপি (**Birth Certificate**) যদি ছেলেমেয়ে থাকে।(মিউনিসিপ্যালিটি)
গ) ৪(চার) কপি পাসপোর্ট সাইজ ছবি (পিছনে সাদা পর্দা হতে হবে) (কম্পিউটারাইজড ছবি গ্রহণ যোগ্য নয়)
- ২। নূন্যতম ২ বছর পাসপোর্ট মেয়াদ থাকতে হবে।
পাসপোর্টের প্রথম ৬ পাতা ফটোকপি A 4 সাইজ কাগজে, রিনিউ করা থাকলে সেই পষ্ঠার ফটোকপি সহ দিতে হবে।
- ৩। মুসলিম ধর্মাবলম্বীদের জন্যঃ (কাজী কর্তৃক ইস্যুকৃত)
কাবিন নামার মূলকপি বাংলা ও ইংরেজিতে
ম্যারেজ সার্টিফিকেটের মূল ইংরেজি কপি
বিয়ের অনুষ্ঠানের ছবি (২/৩ কপি)
- ৪। হিন্দু ধর্মাবলম্বীদের জন্যঃ
পুরোহিত কর্তৃক ইস্যুকৃত মূল ম্যারেজ সার্টিফিকেট।
প্রথম শ্রেণীর ম্যাজিস্ট্রেট কর্তৃক এফিডেবিট কৃত বিবাহ সার্টিফিকেট। (১৫০ টাকার স্ট্যাম্প এ করতে হবে)
- ৫। অন্যান্য ধর্মাবলম্বীদের জন্যঃ
পাদ্রী কর্তৃক ইস্যুকৃত মূল ম্যারেজ সার্টিফিকেট।
আভিভাবকদের বেলায়, যারা ইটালি তে বসবাসরত সন্তানদের (পুত্র/কন্যার) নিকট যেতে ইচ্ছুক, তাদের ক্ষেত্রে অবশ্যই **Dependent Certificate** দিতে হবে।(পৌরসভা,চেয়ারম্যান/ওয়ার্ড কমিশনার কর্তৃক ইস্যুকৃত)
সমস্ত সার্টিফিকেট নোটারী যে কোন উকিল এবং তারপর পররাষ্ট্র মন্ত্রনালয় (**Ministry of Foreign Affairs of Bangladesh**) কর্তৃক সত্যায়িত হতে হবে।
এ সমস্ত কাগজ পাঠানোর পর **Italian Authorities** কর্তৃক প্রয়োজনীয় নীরিক্ষা ও আনুমোদন সাপেক্ষে ঢাকায় অবস্থিত ইতালীয় দূতাবাস ভিসা ইস্যু করবে।